কালের কণ্ঠ

তারিখ 10 OCT 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৪

চট্টগ্রামের বিএফ শাহীন কলেজ

# বর্ধিত বেতন-ফি আদায়ে হাইকোর্টের আদেশ স্থগিত

নিজস্ব প্রতিবেদক ▷

চট্টগ্রামের বিএফ শাহীন কলেজে শিক্ষার্থীদের (কেজি থেকে দশম শ্রেণি পর্যন্ত) কাছ থেকে বর্ধিত বেতন-ফি আদায়ের ওপর হাইকোর্টের দেওয়া নিষেধাজ্ঞা স্থগিত করেছেন আপিল বিভাগের চেম্বার বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী। আগামী ৩০ অক্টোবর পর্যন্ত এ স্থগিতাদেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে ওই দিন আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানির জন্য দিন ধার্য করা হয়েছে।

বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি আশীষ রঞ্জন দাসের হাইকোর্ট বেঞ্চ গত ৬ সেপ্টেম্বর এ নিষেধাজ্ঞা দিয়েছিলেন। অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞার পাশাপাশি রুল জারি করেছেন আদালত। রুলে বর্ধিত বেতন-ফি আদায় কেন অবৈধ ঘোষণা করা হবে না, শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন মেনে চলার কেন নির্দেশ দেওয়া হবে না এবং এ পর্যন্ত নেওয়া বর্ধিত বেতন-ফি ফেরত দেওয়ার নির্দেশ দেওয়া হবে না তা জানতে চাওয়া হয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠানটির পাঁচ শিক্ষার্থীর অভিভাবকের করা রিট আবেদনের পরিপ্রেক্ষিতে তখন এ আদেশ দেন হাইকোর্ট।

পরবর্তী সময় আদেশটি স্থগিত করতে চট্টগ্রামের বিএফ শাহীন কলেজ কর্তৃপক্ষ একটি আবেদন করে। এ পরিপ্রেক্ষিতে গতকাল রবিবার হাইকোর্টের দেওয়া নিষেধাজ্ঞা স্থগিত করে আদেশ দেন চেম্বার বিচারপতির আদালত। আদালতে গতকাল চট্টগ্রামের বিএফ শাহীন কলেজের পক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। রিট আবেদনকারীর পক্ষে ছিলেন অ্যাডভোকেট সুব্রত চৌধুরী। ৭।